“যে ব্যক্তি (বিনা কারণে) অলসতা করে পরপর তিনটি জুমু’আহ ত্যাগ করে মহান আল্লাহ তার অন্তরে সীলমোহর মেরে দেন”।

আবুল জা’দ আদ-দামরী রাদিয়াল্লাহু আনহু সূত্রে বর্ণিত, যিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবী ছিলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন:
“যে ব্যক্তি (বিনা কারণে) অলসতা করে পরপর তিনটি জুমু’আহ ত্যাগ করে মহান আল্লাহ তার অন্তরে সীলমোহর মেরে দেন”। [সহীহ] [এটি আবূ দাউদ, তিরমিযী, নাসায়ী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম জুমার সালাত ত্যাগ করার বিরুদ্ধে সতর্ক করেছেন। তিনি বলেন, যে ব্যক্তি কোন ওজর ছাড়াই অবহেলা ও অলসতার কারণে তিনবার জুমার সালাত পরিত্যাগ করে, আল্লাহ তার পর্যন্ত কল্যাণ পৌঁছাতে বাধা দেওয়ার মাধ্যমে তার হৃদয়ে মোহর মেরে দেবেন।

http://sunnah.global/hadeeth/bn/show/65768